গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪-৩২৫ তারিখঃ-১৭/০৬/২০১৪ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কুমিল্লা জজশীপের সাবেক যুগ্ম-জেলা জজ বতমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত জনাব এ, ই, এম, ইসমাইল হোসেন-কে মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের Hubert H. Humphrey Fellowship Programme ২০১৪-২০১৫ বৃত্তির আওতায় American University Washington College of Law এ ''International Legal Studies Program'' এ Criminal Justice বিষয়ে অধ্যয়নের নিমিত্ত আগামী ০৩/০৮/২০১৪ খ্রিঃ তারিখ অথবা যাত্রার তারিখ হতে ১১(এগার) মাসের জন্য তাঁকে নিম্নলিখিত শর্তে প্রেষণ মঞ্জুর করলোঃ-

**শর্তসমূহ ঃ**

১। তাঁর প্রেষণের সময়কাল কর্তব্যরত হিসাবে গণ্য হবে;
২। তিনি প্রেষণকালীন সময়ের বেতন ও অন্যান্য ভাতাদি স্থানীয় মুদ্রায় গ্রহণ করবেন;
৩। উক্ত বৃত্তির আওতায় তাঁর সকল শিক্ষা ব্যয় ও ভ্রমণ ব্যয়সহ আনুষাঙ্গিক ব্যয় মার্কিন যুক্তরাষ্ট্র সরকার বহন করবে;
৪। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
৫। কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে সরকার হতে অন্য কোন নির্দেশ প্রদান না করা হলে কোর্সের মেয়াদ শেষ হবার অব্যবহিত পরেই দেশে প্রত্যাবর্তন করতে হবে;
৬। সরকারের অনুমতি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তাহা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হবে;
৭। তিনি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করবার জন্য আবেদন করতে পারবেন না;
৮। বিদেশে অবস্থানকালে কোন ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অফিস)।

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪-৩২৫/(১৩) তারিখঃ-১৭/০৬/২০১৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নোট ভারবেলের অনুরোধসহ)।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
৩। মহা-পরিচালক, বহিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৫/৮ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। জনাব এ, ই, এম, ইসমাইল হোসেন, সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা জজ), আইন ও বিচার বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮। উপ-নিয়ন্ত্রক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা যাচ্ছে।
৯। ম্যানেজার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১০। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৫ম তলা, কক্ষ নং- ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালযর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব